গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবণী ধারণা, সহজিকৃত, ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আলী আকবর<br>পরিচালক (ভূতত্ত্ব) |
| সভার তারিখ | ২৬ আগস্ট, ২০২১ |
| সভার সময় | বেলা ২:৩০ |
| স্থান | শহীদ মোকলেসুর রহমান মিলনায়তন। |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে টিমের ফোকাল পয়েন্ট বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবণী ধারণা, সহজিকৃত, ডিজিটাইজকৃত সেবার বিষয়গুলো নিয়ে আলোচনার জন্য সভার উপস্থিতিগণের দৃষ্টি আকর্ষণ করেন। বাস্তবায়িত উদ্যোগগুলোর উদ্ভাবকগণ তাদের আইডিয়াগুলোর বর্তমান পরিস্থিতি সভায় তুলে ধরেণ। জনাব ড. সুলতানা নাছরিন নূরী, উপ-পরিচালক (ভূ-পদার্থ) বলেন সেবাগুলোকে টেকসই করার স্বার্থে যথাযথ রক্ষণাবেক্ষণ ও হালনাগাদের দায়িত্ব কারা পালন করবেন তা নির্ধারণ করা প্রয়োজন । জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন রক্ষণাবেক্ষণ ও হালনাগাদের দায়িত্ব ইনোভেশন টিমের পালন করা উচিত। জনাব শেখ মুহাম্মদ মেসবাহ আর রহমান, উপ-পরিচালক (রসায়ন), সংশ্লিষ্ট শাখাকেই দায়িত্ব পালন করা উচিত বলে তার মত দেন। সভাপতি, ইনোভেশন টিম এর মতে আইডিয়া প্রদানকারী উদ্ভাবকগণ ও সংশ্লিষ্ট শাখার এক্ষেত্রে দায়িত্ব নেয়া উচিত। বাস্তবায়িত উদ্যোগগুলোর উদ্ভাবকগণের সাথে আলোচনা করে সেবাগুলোর বর্তমান অবস্থা সম্পর্কে ধারণা পাওয়া যায় এবং ইনোভেশন টিমের সম্মানিত সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহন করা হয়। নিম্নের ছকে উল্লেখ করা হলো।

| বাস্তবায়ন কাল | উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ | বর্তমান অবস্থা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২০১৬-২০১৭ | ‘প্রকাশিত ভূবৈজ্ঞানিক প্রতিবেদনের সারসংক্ষেপ জনসাধারণের জন্য উন্মুক্তকরণের লক্ষ্যে জিএসবি’র ওয়েবসাইটে আপলোড করণ’ | প্রকাশিত প্রতিবেদনগুলোর সারসংক্ষেপ জিএসবি’র ওয়েবসাইটে হালনাগাদ করা আছে। | হালনাগাদ রাখার ব্যাপারে বাস্তবায়িত উদ্যোগটির উদ্ভাবকগণ ও সংশ্লিষ্ট শাখা ব্যবস্থা নেবেন। |
| ২০১৭-২০১৮ | ‘মোবাইল অ্যাপসের মাধ্যমে জিএসবি’র আবিস্কৃত খনিজ সম্পদসমূহ ও আনুসাঙ্গিক তথ্য প্রদান’ | অ্যাপটি বর্তমানে চালু রয়েছে। | সম্প্রতি আবিষ্কৃত লৌহ আকরিকের তথ্যসহ অ্যাপটি হালনাগাদ করার ব্যাপারে সংশ্লিষ্ট শাখা ও বাস্তবায়িত উদ্যোগটির উদ্ভাবকগণ ব্যবস্থা নেবেন। এছাড়া, মানোন্নয়নের ব্যবস্থা নেবেন। |

| | | | |
|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ‘জনসাধারণের চাহিদা অনুযায়ী জিএসবি’র বিভিন্ন গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবা সহজিকরন’ | সেবাটি চলমান রয়েছে। | সেবাপ্রাপ্তির ধাপ কমানো, সময় সীমার পরিবর্তে কর্মদিবস দেয়াসহ সেবা দানের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তথ্য হালনাগাদ করতে আইডিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। |
| ২০১৯-২০২০ | ১. ‘ইনডেক্স মানচিত্রের মাধ্যমে ভূবৈজ্ঞানিক তথ্য প্রদান সহজিকরণ’ | ১. সেবাটি চলমান রয়েছে | ১. অপ্রকাশিত প্রতিবেদনের স্বারসংক্ষেপ ইনডেক্স মানচিত্রে সংযোজন করা যায় কিনা এবিষয়ে আইডিয়া প্রদানকারী দল সংশ্লিষ্টদের সাথে আলোচনা করবেন। |
| | ২. ‘জিএসবি’র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), উল্লেখযোগ্য আবিস্কার এবং কার্যক্রমসমূহ জনসাধারণের নিকট ডিজিটাল পদ্ধতিতে প্রদর্শনের জন্য LED Scroll Display Board স্থাপন’ | ২. Scroll Display চালু রয়েছে। | ২. LED Scroll Display Board টি ভাল মানের নয়। ভালো মানের Board স্থাপনের ব্যাপারে আইডিয়া প্রদানকারী দল আলোচনা করবেন। |
| ২০২০-২০২১ | ১. 'সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ' | ১. সেবাটি বর্তমানে চালু রয়েছে। | ১. সংশ্লিষ্ট শাখা ও আইডিয়া প্রদানকারী দল বৈশ্বিকভাবে প্রতিষ্ঠিত বৈজ্ঞানিক তথ্যে নিয়মিতভাবে হালনাগাদের ব্যবস্থা নেবেন। |
| | ২. ‘বিভিন্ন ব্যাক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি’র লাইব্রেরির প্রকাশিত তথ্য সেবা সহজিকরণ’ | ২. সেবাটি বর্তমানে চালু রয়েছে। | ২. সংশ্লিষ্ট শাখা মানোন্নয়ের ব্যাপারে ব্যবস্থা নেবেন। |
| | ৩. ‘জিএসবি’র ব্লাড ক্লাব’ | ৩. সেবাটি বর্তমানে চালু রয়েছে। | ৩. তথ্যভান্ডারে নতুন নতুন ডোনারদের তথ্য সংযোজনের ব্যাপারে আইডিয়া প্রদানকারী দল ব্যবস্থা নেবেন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আলী আকবর
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৩৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব), অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) পরিচালক (ভূতত্ত্ব), স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) উপ-পরিচালক (ভূপদার্থ)-১ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১ , অপারেশন ও সমন্বয় শাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৮) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২ , স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১০) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১১) উপ-পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১২) উপ-পরিচালক (রসায়ন)-২ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৩) উপ-পরিচালক (ড্রিলিং)-১, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৪) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৫ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৯) লাইব্রেরিয়ান-২ , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২০) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২১) এ. জেড. এম. সালেহ আহমেদ, ফটোল্যাব সুপারিনটেন্ডেন্ট, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২২) অফিস সহকারী-১, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২৩) অফিস সহকারী, প্রশাসন-৪ উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

মো: মহি উদ্দিন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
ইনোভেশন টিম